গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
সিলেট মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
বাড়ি নং-২২৮, রোড নং-০১/এ
ব্লক-এফ, শাহজালাল উপশহর, সিলেট
www.smp.police.gov.bd

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/৪২৯০/ই তারিখঃ- ১২.১২.২০১৯খ্রিঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৯.১৯-৬৬৯ তারিখ-০৩.১০.২০১৯খ্রিঃ ও পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০. ০০৯. ০৭. ০০২.১৬-১১২৬(৩) তাং-১৫.১০.২০১৯খ্রিঃ মূলে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট এর বর্ণিত শূন্য পদ সমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে লিখিত আবেদনপত্র আগামি ৩০.০১.২০২০খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী এর কার্যালয়ে পৌঁছাতে হবে।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী | | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| | | | গ্রেড | বেতন স্কেল | |
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩(তিন)টি | গ্রেড-১৩ | ১১০০০-২৬৫৯০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমান ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরিক এ প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ২ | কম্পিউটার অপারেটর | ২(দুই)টি | গ্রেড-১৩ | ১১০০০-২৬৫৯০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক ফেব্রুয়ারি-১৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭(সাত)টি | গ্রেড-১৪ | ১০২০০-২৪৬৮০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমান ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক গত মঙ্গলবার, সেপ্টেম্বর ২৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরিক এ প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ৪ | নার্সিং সহকারী | ১(এক)টি | গ্রেড-১৫ | ৯৭০০-২৩৪৯০ | (ক) স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নার্সিং-এ ডিপ্লোমা কোর্সে সনদপ্রাপ্ত হতে হবে; |
| ৫ | ড্রাফটসম্যান | ১(এক)টি | গ্রেড-১৫ | ৯৭০০-২৩৪৯০ | (ক) স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ড্রাফটম্যানশীপ ট্রেড কোর্সে উত্তীর্ণ বা ড্রাফটম্যানশীপে ডিপ্লোমা ডিগ্রি; |
| ৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৫(পাঁচ)টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর এ প্রতি মিনিটে গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। |
| ৭ | ওয়ার্ড বয় | ১(এক)টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০ | স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৮ | অফিস সহায়ক | ১(এক)টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | সর্বমোট= | ২১(একুশ)টি | - | | |

### -ঃ শর্তাবলী ঃ-

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে লিখিত আবেদন পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট বরাবরে দাখিল করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতায় নির্ধারিত আবেদন ফরমটি www.smp.police.gov.bd ও www.police.gov.bd ওয়েব সাইটে এবং এসএমপি সদর দপ্তর প্রশাসন শাখা হতে সংগ্রহ করা যাবে।

২। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে নির্ধারিত আবেদন ফরমের সাথে পৃথক "মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের বিবরণী" ফরম যথাযথভাবে পূরণ করে আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের বিবরণী ফরমটি www.smp.police.gov.bd ও www.police.gov.bd ওয়েব সাইটে এবং এসএমপি সদর দপ্তর প্রশাসন শাখা হতে সংগ্রহ করা যাবে।

৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করতে হবে। মিথ্যা, ভূয়া, ত্রুটিপূর্ণ তথ্য এবং অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানানুযায়ী আবেদন করতে হবে।

৬। খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৭। চাকুরিরত/বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(চলমান পাতা নং-০২)

৮। ০২নং ক্রমিকে বর্ণিত শুধু কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেতন স্কেল ১২৫০০-৩০২৩০ টাকা এবং গ্রেড-১২ হিসেবে নিয়োগযোগ্য।

৯। নিয়োগের ক্ষেত্রে (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারিরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) বিশেষ কোটা অনুসরণ করা হবে।

১০। প্রার্থীর বয়সসীমা আগামি ৩০.০১.২০২০খ্রিঃ তারিখ ১৮(আঠার) থেকে ৩০(ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পোষ্য/শারিরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১১। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত বা দাখিল করতে হবে-

(ক) সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. আকারের ৪ (চার) কপি রঙিন ছবি (ব্যাকগ্রাইন্ড সাদা হতে হবে) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নকৃত।

(খ) ক্রমিক নং-১ হতে ৬ পর্যন্ত বর্ণিত প্রার্থীগণকে ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নং-৭ ও ৮ এ বর্ণিত প্রার্থীগণকে ৫০ (পঞ্চাশ) টাকা **১-২২১১-০০০০-২০৩১** নম্বর কোডে সোনালী ব্যাংক এর যে কোন শাখায় ট্রেজারি চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে। এ ক্ষেত্রে পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নহে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০ (দশ) টাকার ডাক টিকিট লাগানো ১০.৫´´×৪.৫´´ সাইজের একটি খাম।

(ঘ) সিটি-কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি-কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের (প্রার্থী কর্তৃক আবেদনপত্রে যার তথ্য প্রদান করা হবে) ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(চ) বয়স প্রমাণের জন্য জেএসসি/এসএসসি বা সমমান সনদসহ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ অন্যান্য সকল সনদপত্র/ সাময়িক সনদপত্রের ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(জ) অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে/প্রযোজ্য ক্ষেত্রে) ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঝ) শর্টহ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঞ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে-

(১) মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও প্রতিমন্ত্রী স্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রের ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দিতে হবে। এ ক্ষেত্রে অন্য কোন সনদ গ্রহণযোগ্য নহে।

(২) সনদধারী মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেমন-নাম, জন্ম তারিখ, আইডি নম্বর, সাময়িক সনদের নম্বর ও তারিখ, লাল মুক্তিবার্তার নম্বর, ভারতীয় তালিকা ও খন্ড নম্বর, গেজেট নম্বর ও তারিখ, বামুস সনদের নম্বর ও তারিখ পোষ্যগণের নামের তালিকা উল্লেখপূর্বক মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত সংলগ্নী এর ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৩) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট এর কপি দাখিল করতে হবে।

(৪) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের (নাতি-নাতনিদের) ক্ষেত্রে বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট কপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে স্থানীয় চেয়ারম্যান বা যে কোন পর্যায়ের মুক্তিযোদ্ধা কমান্ডারগণের সনদ বা প্রমানপত্র গ্রহণযোগ্য নহে।

(ট) এতিম কোটায় আবেদনকারীকে সমাজসেবা অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন রেজিস্টার্ড এতিমখানার/সরকারি শিশু সদনের নিবাসী হতে হবে এবং এতিমখানার/ সরকারি শিশু সদনের নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(ঠ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষরিত সনদ পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ড) প্রতিবন্ধি কোটায় আবেদনকারীকে প্রতিবন্ধিত্বের ধরন উল্লেখ পূর্বক সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদের ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঢ) আনসার কোটায় আবেদনকারীকে আনসার একাডেমী কর্তৃক ইস্যুকৃত অন্যূন ৬ (ছয়) সপ্তাহ বা ৪২ দিনের আনসার প্রশিক্ষণের সনদের ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে কোনক্রমেই উল্লেখিত সময়ের কম প্রশিক্ষণের সনদ গ্রহণ যোগ্য নহে।

১২। বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীকে স্ব-স্ব আবেদনপত্র আগামি ৩০.০১.২০২০খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা বা অফিস চলাকালীন সময়ের মধ্যে এসএমপি সদরদপ্তরে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৩। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র সত্যায়ণের ক্ষেত্রে অবশ্যই সত্যায়ণকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি, আইডি নম্বর ও সিল থাকতে হবে।

১৫। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় অত্র নিয়োগ বিজ্ঞপ্তিতে চাহিত ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের মূলকপি পরীক্ষা গ্রহণকারী বা কর্তৃপক্ষের নিকট অবশ্যই উপস্থাপন করতে হবে।

১৬। পুলিশ কর্তৃক সত্যতা প্রতিপাদনে প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সকল সনদপত্র, মুক্তিযোদ্ধ সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স(প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকুরী হতে বরখাস্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী নির্ধারিত সময় শিক্ষানবিস স্তরে চাকরি করতে হবে।

১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, কোন শর্ত পরিবর্তন, সংযোজন, বিয়োজন, বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নিয়োগযোগ্য পদের হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সাক্ষরিত/

(তোফায়েল আহমেদ)
বিপি-৭৫০৩০২৮২৫৬
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট

বরাবর
পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ
সিলেট।

| |
|---|
| সে.মি. ৫×৫ ছবি ৪ কপি (সাম্প্রতিক তোলা) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | |
| | | ইংরেজিতে: (বড় অক্ষরে) | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | |
|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক চিহ্ন দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা(নাতি-নাতনি) | এতিম | শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান নম্বর: | তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর– |

## মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের তথ্য বিবরণী ফরম

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী: | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ: | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর...............................................<br><br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর...............................................<br><br>৩। গেজেট নম্বর.................................. ও তারিখ.............................................<br><br>৪। সাময়িক সনদের নম্বর ............................................... ও তারিখ.............................................<br><br>৫। বামুস সনদের নম্বর............................................... ও তারিখ............................................. | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ...........................................<br><br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ...........................................<br><br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ...........................................<br><br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্মতারিখ...................................... | |

প্রার্থীর স্বাক্ষর:

নাম:...............................................

পদবী:.............................................

ঠিকানা:...........................................

...................................................

মোবাইল নম্বর:..................................